**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আরবান প্রাইমারী হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারী প্রজেক্ট-২য় পর্যায়
তারাব পৌরসভা, নারায়ণগঞ্জ।
www.tarabopaurashava.com

স্মারক নং-তারাবপৌ:/ইউপিএইচসিএসডিপি-২/পিআইইউ/২০২৫/১৬০২

তারিখ : ০৯ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২২ এপ্রিল ২০২৫ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

তারাব পৌরসভা, নারায়ণগঞ্জ কর্তৃক পরিচালিত "আরবান প্রাইমারী হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারি প্রজেক্ট-২য় পর্যায়" শীর্ষক প্রকল্পে শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে কতিপয় জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র.নং | পদের নাম | পদ সংখ্যা | মাসিক মোট বেতন | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | ক্লিনিক ম্যানেজার | ০১ | ৪৪,১৩০/- | MBBS ডিগ্রীধারী, MPH অতিরিক্ত যোগ্যতা হিসেবে অগ্রাধিকার। হাসপাতাল ব্যাবস্থাপনায় অভিজ্ঞতায় অগ্রাধিকার, মহিলা অগ্রাধিকার, জেনারেল প্র্যাক্টিশনার হিসেবে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা অথবা বেসরকারী এনজিও হাসপাতাল বা ক্লিনিক পরিচালনায় ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২. | বিশেষজ্ঞ চিকিৎসক (গাইনী এন্ড অবস) | ০১ | ৫৩,৬৮৫/- | এমবিবিএসসহ গাইনী এন্ড অবস সম্পর্কিত পোষ্ট গ্রাজুয়েশন ডিগ্রী/ডিপ্লোমাধারী। গাইনী এন্ড অবস বিশেষজ্ঞ হিসাবে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩. | ফ্যামিলি প্ল্যানিং কো-অর্ডিনেটর/ মনিটরিং এন্ড সুপারভিশন অফিসার | ০১ | ৩৫,৩১০/- | এমবিবিএস ডিগ্রীধারী (এমপিএইচ ডিগ্রিধারীদের অগ্রাধিকার)। আল্ট্রাসনোগ্রাফিতে ডিপ্লোমা ও অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। কম্পিউটার দক্ষতা থাকতে হবে। শুধুমাত্র মহিলা প্রার্থী আবেদনযোগ্য। |
| ৪. | প্যারামেডিক | ০১ | ২৫,৮৬০/- | সরকার অনুমোদিত ট্রেনিং ইনস্টিটিউশন থেকে ০২ (দুই) বছর মেয়াদি প্যারামেডিক কোর্স সম্পন্ন হতে হবে এবং নার্সিং কাউন্সিল হতে নিবন্ধন থাকতে হবে। অথবা নার্সিং ও মিডওয়াইফারী ডিপ্লোমা কোর্স সম্পন্ন হতে হবে এবং নার্সিং কাউন্সিল হতে নিবন্ধন থাকতে হবে। শুধুমাত্র মহিলা প্রার্থী আবেদনযোগ্য। |

**শর্তাবলীঃ**

১. আবেদনপত্র আগামী ১৫ মে, ২০২৫ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে প্রশাসক, তারাব পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ বরাবরে সরাসরি অথবা তারাব পৌরসভার ই-মেইল: tarabopauramayor@gmail.com মাধ্যমে প্রার্থীর জীবনবৃত্তান্তসহ আবেদন করা যাবে। উল্লেখিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

২. প্রার্থীর নিয়োগ পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র, সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্রসহ অন্যান্য (প্রযোজ্য ক্ষেত্রে) সনদপত্রের সত্যায়িত ০১ সেট ফটোকপি কপি এবং মুল কপি সাথে নিয়ে আসতে হবে।

৩. নির্বাচিত প্রার্থীগণ কেবলমাত্র প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্পের বিধি-মোতাবেক সাকুল্যে বেতনে নিয়োগপ্রাপ্ত হবেন। নিয়োগপত্রই প্রকল্প সমাপ্তি শেষে চাকুরি হতে অব্যাহতিপত্র হিসাবে গণ্য হবে।

৪. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

৫. শুধুমাত্র বৈধ প্রার্থীদেরকে লিখিত/মৌখিক/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে।

৬. নির্বাচনী পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৭. কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করতে পারবেন। নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য করা হবে।

**মোঃ সাইফুল ইসলাম**
প্রশাসক, তারাব পৌরসভা,
ও সভাপতি, নিয়োগ কমিটি
ইউপিএইচসিএসডিপি-২,
তারাব পৌরসভা, নারায়ণগঞ্জ।

ডিজি-১০৫২/২৫ (১০"×৪)